দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 29 APR 2016 ...
পৃষ্ঠা ... ৭, ১৬ কলাম ... ৪ ...

# সরকারী গণগ্রন্থাগারে বেঙ্গলের চিত্রকলার বই উপহার

স্টাফ রিপোর্টার ॥ জাতির মনন গড়তে দেশের ৬৪ জেলাসহ বিভিন্ন উপজেলায় রয়েছে সরকারী গণগ্রন্থাগার। এসব সরকারী গণগ্রন্থাগারে চালু হয়েছে চিত্রকলা বিষয়ক বইয়ের বিশেষ কর্নার। ঠাঁই পেয়েছে দেশের

**সংস্কৃতি সংবাদ**

শিল্পচর্চায় নিবেদিত প্রতিষ্ঠান বেঙ্গল ফাউন্ডেশন থেকে প্রকাশিত শিল্প বিষয়ক পাঠ্যসম্ভার। এসব গ্রন্থে বরেণ্য শিল্পীদের কাজের প্রতিলিপি যেমন রয়েছে, তেমনি আছে তাঁদের সংক্ষিপ্ত জীবনী। রয়েছে তরুণ শিল্পীদের কর্মধারা। এছাড়াও আছে শিল্পচর্চা বিষয়ক বইও। গত দুই মাস ধরে দেশের ৭০টি জেলা ও উপজেলা গণগ্রন্থাগারে বেঙ্গল ফাউন্ডেশন উপহার দিয়েছে তাদের শিল্প বিষয়ক পাঠ্যসম্ভারগুলো। ২৩৭টি বিষয়ের ৫৮৪টি চিত্রকলা সম্পর্কিত বই, ক্যাটালগ ও ফোলিও মিলিয়ে মোট ৩৯ হাজার ৪৮০টি পাঠ্যসম্ভার উপহার দিয়েছে প্রতিষ্ঠানটি। এই কাজে সহযোগিতা করেছে সংস্কৃতি মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদফতর।

বৃহস্পতিবার রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে সংবাদ সম্মেলনের মাধ্যমে এ তথ্য জানানো হয়। এতে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। বিশেষ অতিথি ছিলেন

(১৫ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## সরকারী গণগ্রন্থাগারে

(১৬-এর পৃষ্ঠার পর)

সংস্কৃতিবিষয়ক সচিব আক্তারী মমতাজ ও গণগ্রন্থাগার অধিদফতরের মহাপরিচালক আশীষ কুমার সরকার। বেঙ্গল ফাউন্ডেশনের চেয়ারম্যান আবুল খায়েরের সভাপতিত্বে পুরো প্রকল্পের বিষয়ে জানান ফাউন্ডেশনের মহাপরিচালক লুভা নাহিদ চৌধুরী। অনুষ্ঠানের শুরুতে কিভাবে দেশের বিভিন্ন অঞ্চলের গণগ্রন্থাগারগুলোতে পাঠ্যসম্ভাব পাঠানো সংক্রান্ত আট মিনিটের তথ্যচিত্র প্রদর্শিত হয়।

আসাদুজ্জামান নূর বলেন, সংস্কৃতিচর্চা ছাড়া আলোকিত মানুষ গড়া সম্ভব নয়। আমরা যদি আলোকিত মানুষ গড়তে না পারি তাহলে অন্ধকারের শক্তি বার বার আঘাত হানতেই থাকবে এবং আঘাত হানছেও। কারণ এরা ধর্মও বোঝে না সংস্কৃতিও বোঝে না। কিন্তু ধর্মের নামে মানুষ হত্যা করছে। এজন্য সংস্কৃতির আশ্রয়ে সর্বস্তরের মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে হবে। বইকে যত বেশি মানুষের দোরগোড়ায় পৌঁছে দেয়া যাবে তত বেশি আমাদের চারপাশের অন্ধকারের শক্তি কমে আসবে।